# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা, ফোনঃ ০২-২২৩৩৮৪১৫৯, ই-মেইল: bnmc.examination@gmail.com ওয়েবসাইট: www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(অংশ-১)/২০২৩- ১৬৮

তারিখঃ ২৩ জানুয়ারি ২০২৩ খ্রিঃ

## কম্প্রিহেন্সিভ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্বাহী কমিটির ০২ জানুয়ারি ২০২২ খ্রি. নির্দেশনা মোতাবেক পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির ৩০ সেপ্টেম্বর ২০২২ খ্রি. অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক কাউন্সিলের অধীনে কম্প্রিহেন্সিভ পরীক্ষা ৩১ মার্চ ২০২৩ খ্রি. শুক্রবার অনুষ্ঠিত হবে। নার্সিং ও মিডওয়াইফারি কোর্সের পরীক্ষার্থীদের কাউন্সিলের সফটওয়্যারে স্টুডেন্ট রেজিস্ট্রেশন ডাটা হতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের মাধ্যমে এবং পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্সের পরীক্ষার্থীদের নিজ উদ্যোগে সংযুক্ত নিয়মাবলি (কপি সংযুক্ত) অনুসরণ করে অনলাইনে আবেদন ফরম পূরণ করে নিম্নোক্ত তারিখে অফিস সময়ের মধ্যে জমা নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

### নার্সিং ও মিডওয়াইফারি কোর্সের ফরম পূরণের সময়-সূচি

| | | |
|---|---|---|
| অনলাইন আবেদন | ০৯-১৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. | জনপ্রতি ফি: ২,০০০/- (দুই হাজার) টাকা |
| হার্ডকপি জমা | ১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. এর মধ্যে | |
| বিলম্বে আবেদন | ২০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. পর্যন্ত | জনপ্রতি ফি: ২,২০০/- (দুই হাজার দুইশত) টাকা |
| হার্ডকপি জমা | ২২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. মধ্যে | |

### পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্সের ফরম পূরণের সময়-সূচি

| | | |
|---|---|---|
| অনলাইন আবেদন | ২৫ জানুয়ারি-০৪ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. | জনপ্রতি ফি: ২,০০০/- (দুই হাজার) টাকা |
| হার্ডকপি জমা | ০৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. এর মধ্যে | |
| বিলম্বে আবেদন | ১১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. পর্যন্ত | জনপ্রতি ফি: ২,২০০/- (দুই হাজার দুইশত) টাকা |
| হার্ডকপি জমা | ১২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. এর মধ্যে | |

- সকল কাগজপত্রসহ যথাসময়ে আবেদন কাউন্সিলে জমা নিশ্চিত করতে হবে। অসম্পূর্ণ/বিলম্বে পৌঁছানো আবেদন বাতিল বলে গণ্য হবে।
- পরীক্ষার সময়-সূচি, কেন্দ্র তালিকা, প্রবেশপত্র ইস্যু ও আনুসঙ্গিক সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

23.01.2023

(রাশিদা আক্তার)
রেজিস্ট্রার (অ: দা:)

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রেসিডেন্ট, বিএনএমসি এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম (দৃঃ আঃ সচিবের একান্ত সচিব, স্বাশিপকবি)।
২. ভাইস-প্রেসিডেন্ট, বিএনএমসি এবং অতিরিক্ত সচিব (চিশি), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
৩. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. যুগ্মসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
৫. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
৬. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি ও পরিচালক (চিশি), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭. সদস্য (সকল), পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি এবং ................................................
৮. অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান (সকল), ...........................................
৯. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
১০. পরীক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারি, বিএনএমসি (পরীক্ষার যাবতীয় প্রস্তুতি গ্রহণের জন্য)।
১১. পরীক্ষার জন্য প্রকৃত আবেদন প্রার্থী, পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স (নিজ দায়িত্বে অনলাইনে আবেদনের জন্য), ...............
১২. জনাব/ বেগম ...........................................................................................

নিয়মাবলি অপর পৃষ্ঠার দ্রষ্টব্য

# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

তারিখঃ ২৩ জানুয়ারি ২০২৩ খ্রিঃ

**কম্প্রিহেন্সিভ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত নিয়মাবলি**

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে আগামী ৩১ মার্চ ২০২৩ খ্রি. শুক্রবার অনুষ্ঠিত কম্প্রিহেন্সিভ পরীক্ষার আবেদন ফরম পূরণ করার নিয়মাবলি নিম্নরূপ:

নার্সিং ও মিডওয়াইফারি কোর্স সম্পন্নকারীদের আবেদন প্রক্রিয়া:

(১) বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি (পুরাতন কারিকুলামের অকৃতকার্য/অনিয়মিত ও নতুন কারিকুলামে ইন্টার্নশীপ সনদপ্রাপ্ত) এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের (অকৃতকার্য/অনিয়মিত) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কাউন্সিলের সফটওয়্যারে সংরক্ষিত স্টুডেন্ট-রেজিস্ট্রেশন ডাটাবেজে (প্রতিষ্ঠানের গোপন ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে) প্রবেশ করে Exam Management হতে Comprehensive Exam এর পর Apply Comprehensive Exam এ প্রবেশ করে পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ করার সময় পরীক্ষার্থীদের ড্রেস পরিহিত নতুন ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে;

(২)প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সকল পরীক্ষার্থীর ফি একত্রে কাউন্সিলের ওয়েবসাইট থেকে নির্দিষ্ট জমা রশিদ/পে-স্লিপ মাধ্যমে প্রাইম ব্যাংকের যে কোন শাখায় টাকা জমা দিয়ে রশিদের মূলকপি, ইনস্টার্নশীপ সনদপত্র, পূর্বোক্ত সেশনে পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত পরীক্ষার্থীদের প্রবেশপত্রের কপি ও পরীক্ষার্থী তালিকাযুক্ত ফরওয়ার্ডিং লেটার, ডাকযোগে/ কুরিয়ারে নির্দিষ্ট সময়ের মধ্যে কাউন্সিলে পৌঁছানো নিশ্চিত করতে হবে।

(৩) কাউন্সিলের গত ০৮-০৮-২০২২ খ্রি. প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সের শিক্ষার্থীদের গত ১০-০৮-২০২২ খ্রি. হতে ০৯-০২-২০২৩ খ্রি. পর্যন্ত ০৬ মাস ইন্টার্নশীপ সম্পন্নের সনদপত্র এবং ফরম পূরণের শেষ তারিখ পর্যন্ত প্রাপ্ত ইন্টার্নশীপ সনদপত্র প্রাপ্য প্রার্থীরা অবশ্যই প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত সনদপত্রের কপি কাউন্সিলে জমা দিতে হবে।

পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স সম্পন্নকারীদের আবেদন প্রক্রিয়া:

(১) পরীক্ষার ফি জমার অনলাইন রশিদ: কাউন্সিলের ওয়েবসাইটের অভ্যন্তরীন ই-সেবা অংশে 'অনলাইনে ফি জমা রশিদ' ক্লিক করে Client Type: Others সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য লিখে Comprehensive Examination Fee বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা সিলেক্ট করে সাবমিট করলে রশিদ পাওয়া যাবে। রশিদটি প্রিন্ট করে প্রাইম ব্যাংকের যে কোন শাখায় জমা দিলে একাংশ রেখে অবশিষ্ট দুই অংশ ফেরত দিবে। জমাকৃত রশিদের নিজ অংশ রেখে বিএনএমসি অংশ ফরমের সাথে কাউন্সিলে দাখিল করতে হবে।

(২) আবেদনের অনলাইন ফরম: পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স সম্পন্নকারীদেরকে কাউন্সিলের ওয়েবসাইটের অভ্যন্তরীন ই-সেবা অংশে PCT পরীক্ষার ফি অপশনে ক্লিক করে অনলাইন ফরমে প্রয়োজনীয় তথ্যাদি লিখে যথা নিয়মে আবেদন সম্পন্ন করে দু'টি প্রিন্ট কপি নিয়ে একটি নিজের কাছে রেখে অপরটি কাউন্সিলে পাঠাতে হবে।

২.১ কাউন্সিলের অধীনে গত ২৬ নভেম্বর ২০২১, ১১ মার্চ ২০২২ খ্রিঃ ও ৩০ সেপ্টেম্বর ২০২২ খ্রি. অনুষ্ঠিত পরীক্ষায় অকৃতকার্যদের ফরম পূরণের নিয়ম: Apply new exam use old data অপশন সিলেক্ট করে Exam: November-2021/March-2022/September-2022 BNMC Roll: পূর্বের এডমিট কার্ডের প্রদত্ত বিএনএমসি রোল, কারিগরি বোর্ডের রোল ও রেজিস্ট্রেশন নং দিয়ে তথ্য সার্চ করে উক্ত তথ্য, মার্চ-২০২৩ পরীক্ষার ফি জমার রশিদ নং ও জমার তারিখ এবং প্রার্থীর ছবি ও স্বাক্ষর নতুনভাবে দিয়ে সাবমিট করলে মার্চ-২০২৩ পরীক্ষার ফরম পূরণ হবে। পূরণকৃত ফরম প্রিন্ট করে এককপি নির্দিষ্ট তারিখের মধ্যে কাউন্সিলে পৌঁছানো নিশ্চিত করতে হবে (একাধিক কপি পাঠানোর প্রয়োজন নেই)।

২.২ নতুন পরীক্ষার্থীদের ফরম পূরণের নিয়ম: Apply as new examinee অপশন সিলেক্ট করে submit বাঁটনে ক্লিক করে অনলাইন ফরমে প্রয়োজনীয় তথ্যাদি লিখে মার্চ-২০২৩ পরীক্ষার ফি জমার রশিদ নং ও জমার তারিখ এবং প্রার্থীর ছবি ও স্বাক্ষর নতুনভাবে সাবমিট করলে ফরম প্রিন্ট হবে।

২.৩ নির্ধারিত তারিখের মধ্যে ফরমে তথ্য হালনাগাদ অথবা ফরম পুনরায় প্রিন্ট করতে চাইলে Update/Print existing form সিলেক্ট করে Exam: November-2021/March-2022/September-2023, কারিগরি বোর্ডের রোল ও রেজিস্ট্রেশন নং দিয়ে তথ্য সার্চ করে উক্ত ফরম হালনাগাদ ও প্রিন্ট করার অপশন থাকবে।

২.৪ মার্চ-২০২৩ পরীক্ষার ফি জমার নতুন রশিদ (মূলকপি) এবং আবেদন ফরমের প্রিন্ট (হার্ডকপি) সাথে এসএসসি ও পেশেন্ট কেয়ার টেকনোলজির স্টুডেন্ট রেজিস্ট্রেশন এবং সনদপত্র, টেস্টিমোনিয়াল (প্রশংসাপত্র), জাতীয় পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে অনলাইন জন্ম নিবন্ধন), স্থায়ী ঠিকানা সম্বলিত নাগরিকত্ব সনদ ইত্যাদি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি, পূর্বের পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত পরীক্ষার্থীদের প্রবেশপত্রের কপি এবং ফি জমা-স্লিপ সংযুক্ত করে ডাকযোগে/কুরিয়ারে নির্দিষ্ট সময়ের মধ্যে কাউন্সিলে পৌঁছানো নিশ্চিত করতে হবে।

বি: দ্র: সকল কাগজপত্রসহ যথাসময়ে আবেদন জমা নিশ্চিত করতে হবে। অসম্পূর্ণ/বিলম্বে পৌঁছানো আবেদন বাতিল বলে গণ্য হবে।

23.01.2023

(রাশিদা আক্তার)
রেজিস্ট্রার (অ: দা:)

বিতরণ:
অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ইনস্টিটিউট
.............................................
.............................................